শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# বার্ষিক প্রতিবেদন

# ২০২১-২০২২



## খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

## (খুলনা ওয়াসা)

## উপদেষ্টা

জনাব মোঃ আব্দুল্লাহ্, পিইঞ্জ
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা

## সম্পদনায়

জনাব শেখ মাসুদুল ইসলাম

সহকারী প্রধান, খুলনা ওয়াসা

জনাব মোঃ সোহেল বিল্লাহ

সহকারী প্রোগ্রামার, খুলনা ওয়াসা।

## সহযোগীতায়

প্রকৌশলী শাখা, রাজস্ব শাখা, হিসাব শাখাসহ খুলনা ওয়াসার অন্যান্য শাখাসমূহ।

## প্রকাশকাল

২৭ অক্টোবর, ২০২২

## প্রকাশনায়

খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা)

খুলনা।

## ভূমিকা:

দেশের তৃতীয় বৃহত্তম বিভাগীয় শহর এবং শিল্প ও বন্দরনগরী খুলনার আয়তন প্রায় ৪৬ বর্গ কিঃ মিঃ। লোক সংখ্যা প্রায় ১৫ লক্ষ। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে দ্বিতীয় বৃহত্তম সমুদ্র বন্দর মংলা খুলনার অদূরেই অবস্থিত। শিল্প ও বাণিজ্যের কারণে এবং দ্রুত নগরায়নের ফলে ব্যাপক জনগোষ্ঠির সমাগম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। খুলনা সিটি কর্পোরেশন এলাকায় জনসাধারণের নিরাপদ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মাণ করে সেবা প্রদানের লক্ষ্যে ১৯৯৬ সালের ৬ নং আইন এর ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে ২ মার্চ, ২০০৮ খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) প্রতিষ্ঠিত হয়। খুলনা ওয়াসা প্রতিষ্ঠিত হওয়ার পূর্বে ১৯৮৪ সাল থেকে এই মহানগরীর পানি ব্যবস্থার উন্নয়ন, অপারেশন ও মেইনটেনেন্স, রাজস্ব আদায়সহ পানি সরবরাহের সার্বিক ব্যবস্থাপনা সিটি কর্পোরেশনের উপর অর্পিত ছিল।

## রূপকল্প (Vision):

- নিরাপদ পানি সরবরাহ ও পরিবেশ বান্ধব উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে গ্রাহক সেবার সন্তোষ্টি অর্জন।

## অভিলক্ষ্য (Mission):

- আধুনিক পরিকল্পনা, দক্ষ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, মানব সম্পদ উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করে নিরাপদ পানি সরবরাহ এবং পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে সর্বোত্তম সেবা প্রদান।

## খুলনা ওয়াসার কার্যাবলি:

- আবাসিক, দাপ্তরিক, শিল্প কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে নিরাপদ সুপেয় পানি সরবরাহের উদ্দেশ্যে পানি উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।
- দীর্ঘমেয়াদী পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন ব্যবস্থা উন্নয়নের জন্য সঠিক ও বাস্তবসম্মত পরিকল্পনা গ্রহণ। সিস্টেমলস যুক্তিসংগত মাত্রায় কমিয়ে আর্থিক ব্যবস্থার উন্নয়ন ও রাজস্ব আয় বৃদ্ধি।
- পয়ঃসেবা নিশ্চিত করার লক্ষ্যে পয়ঃনিস্কাশন ব্যবস্থার অবকাঠামোগত উন্নয়ন।
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করে মানসম্পন্ন গ্রাহকসেবা নিশ্চিতকরণ।

## সাংগঠনিক কাঠামো ও জনবলসহ খুলনা ওয়াসার সকল প্রশাসনিক কার্যক্রমের বিবরণ :


২৫/১১/০৮ খ্রিঃ তারিখে ১৫৭ জন কর্মকর্তা/কর্মচারীর সংস্থান রেখে রাজস্ব খাতের আওতায় অস্থায়ীভাবে খুলনা ওয়াসার জনবল অনুমোদিত হয়। ১৫৭ জনের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনের সাবেক পানি সরবরাহ বিভাগের ১০৯ জন কর্মকর্তা/কর্মচারীকে খুলনা ওয়াসায় বিভিন্ন পদে আত্মীকরণ এর কাজ সম্পন্ন হয়েছে। এ ছাড়া ১ জন ব্যবস্থাপনা

পরিচালক ও ১ জন উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) চুক্তি ভিত্তিক নিয়োগে কর্মরত আছেন। খুলনা ওয়াসার সৃষ্টিলগ্ন ২০০৮ সাল থেকে বর্তমান অর্থ বছর পর্যন্ত কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয় কর্তৃক ১ম পর্যোয়ে অস্থায়ীভাবে সৃজনকৃত ১৫৭টি পদ, ২য় পর্যায়ে অস্থায়ীভাবে সৃজনকৃত ৭৬টি পদ (যার মধ্যে ৫৪টি পদ অস্থায়ীভাবে ও ২২টি আউট সোর্সিং পদ) এবং ৩য় পর্যায়ে অস্থায়ীভাবে সৃজনকৃত ১৩৪টি পদ (যার মধ্যে ৪২টি পদ অস্থায়ীভাবে ও ৯২টি আউট সোর্সিং পদ) অনুমোদন দেয়। খুলনা ওয়াসার সাংগঠনিক কাঠামোর জনবলের তথ্য নীচে দেখানো হলো :


| গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **১ম গ্রেড** | - | – | ১১তম গ্রেড | ২ টি | - |
| **২য় গ্রেড** | ১ টি | ১ টি | ১২ তম গ্রেড | - | - |
| **৩য় গ্রেড** | ২ টি | ১ টি | ১৩ তম গ্রেড | ১২ টি | ৮ টি |
| **৪র্থগ্রেড** | ১ টি | - | ১৪তম গ্রেড | ৬ টি | ৪ টি |
| **৫ম গ্রেড** | ২ টি | ১ টি | ১৫তম গ্রেড | ৯ টি | ৮ টি |
| **৬ষ্ঠ গ্রেড** | ৮ টি | ৪ টি | ১৬ তম গ্রেড | ৬৬ টি | ৫২ টি |
| **৭ম গ্রেড** | – | – | ১৭তম গ্রেড | ৪ টি | ৪ টি |
| **৮ম গ্রেড** | – | – | ১৮তম গ্রেড | ৬৯টি | ৬৮ টি |
| **৯ম গ্রেড** | ১৬ টি | ৭ টি | ১৯তম গ্রেড | – | – |
| **১০ম গ্রেড** | ৩১ টি | ২১ টি | ২০তম গ্রেড | ২৪টি | ২৪টি |
| | | | আউট সোর্সিং | ১১৪টি | ৯৫টি |

## সাম্প্রতিক অর্জন (বিগত তিন বছরে অর্জন):


খুলনা ওয়াসা পানি সরবরাহের দায়িত্বপ্রাপ্ত হয়ে জিওবি অর্থায়নে ৩টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে খুলনা মহানগরীতে ১০০০ ফুট গভীরতার ৪৮টি গভীর উৎপাদক নলকূপ স্থাপন করে ভূগর্ভস্থ পানি সরবরাহ কার্যক্রম গ্রহণ করে। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে পানির চাহিদাও বৃদ্ধি পাওয়ায় ভূগর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা বেড়ে যায়। কালের পরিক্রমায় জলবায়ু পরিবর্তনের কারণে ভূ-গর্ভস্থ পানিতে লবনাক্ততার পরিমাণ বৃদ্ধি পাওয়ায় এবং গ্রীষ্মকালে পানির স্তর নিচে নেমে যাওয়ায় পানি প্রাপ্তির সমস্যা সৃষ্টি ও পরিবেশের ভারসাম্য হুমকীর সম্মুখীন হয়। নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণে এবং ভূ-র্গভস্থ পানি ব্যবহারের উপর নির্ভরশীলতা হ্রাস করে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ভূ-উপরিস্থ পানি পরিশোধন করে পানি সরবরাহ করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়। এই পরিকল্পনার আওতায় এডিবি ও জাইকা'র আর্থিক সহায়তায় "খুলনা পানি সরবরাহ প্রকল্প" গ্রহণ করা হয় এবং ২৫৪৬.০০ (দুই হাজার পাঁচশত ছেচল্লিশ) কোটি টাকা ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়।





এই প্রকল্পের আওতায় ভূ-উপরিস্থ পানি সরবরাহের লক্ষ্যে ১১০ এমএলডি (দৈনিক ১১ কোটি লিটার) ক্ষমতা সম্পন্ন "বঙ্গবন্ধু ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট" এবং ৭৭.৭২ কোটি লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন ইম্পাউন্ডিং রিজার্ভার নির্মাণ করা হয়।





আধুনিক এইচডিডি পদ্ধতিতে রুপসা নদীর তলদেশ দিয়ে প্রায় ৪০ ফুট গভীরে ১০০০ মিঃমিঃ ব্যাসের ৬৫০ কিঃমিঃ পানির পাইপ লাইন স্থাপন করা হয়। বাংলাদেশে নদীর তলদেশ দিয়ে পানির পাইপ লাইন স্থাপন এটিই প্রথম। পানির বিতরণ পাইপ লাইন স্থাপনকালে খুলনা শহরের জনসাধারণের চলাচলের অসুবিধার বিষয়ে গুরুত্বারোপ করে আধুনিক প্রযুক্তির ট্রেঞ্চলেস পদ্ধতিতে প্রকল্পের প্রায় ৬০% পাইপ লাইন স্থাপন করায় জনগণের



যাতায়াতজনিত দুর্ভোগ সহনীয় পর্যায়ে রাখা এবং কম সময়ে পাইপ লাইন স্থাপন কাজ সম্পন্ন করা সম্ভব হয়েছে। এই প্রকল্পটিই বাংলাদেশে প্রথম যেখানে প্রায় ৫৮ কিঃমিঃ দূরে অবস্থিত মধুমতি নদী হতে পানি সংগ্রহ করে খুলনা শহরে সরবরাহ করা হচ্ছে।




এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে প্রায় ৩৮,৮৩০টি বাসগৃহে মিটারের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ করা হচ্ছে। ২০১৯ সালে পানি সরবরাহের কভারেজ ২৫% হতে বৃদ্ধি পেয়ে ২০২২ সালে প্রায় ৭৮%-এ এবং ভূ-উপরিস্থ পানি



বঙ্গবন্ধু সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট হতে পানি সরবরাহ

সরবরাহের পরিমাণ ০% থেকে বৃদ্ধি ৬৫%-এ উন্নীত হয়েছে। নিম্ন আয়ের জনগণের নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে ১০৬৭ টি পরিবারের প্রায় ১০,০০০ সুবিধাবঞ্চিত বস্তিবাসীদের পানি সরবরাহের আওতায় আনা হয়েছে। খুলনা ওয়াসা প্রদানকৃত বাসগৃহে পানি সংযোগে মিটার ছিল না। যার ফলে প্রচুর পরিমাণ পানি অপচয় হত। মিটার স্থাপন কার্যক্রম গ্রহণ করা হলেও প্রথম দিকে মিটার স্থাপন কাজে গ্রাহকের অনিচ্ছা ও প্রতিবন্ধকতা সৃষ্টি

হলেও খুলনা ওয়াসার ঐকান্তিক প্রচেষ্টায় মিটার স্থাপন কার্যক্রম এগিয়ে যায়। বর্তমানে প্রায় ৯৯% গ্রাহকের সংযোগে পানির মিটার স্থাপন করা হয়েছে। নন-রেভিনিউ ওয়াটার (সিস্টেম লস) হ্রাসকরণে ডিস্ট্রিক্ট মিটারেড




এরিয়া (ডিএমএ) এর মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে এবং পানি সরবরাহ ব্যবস্থা সার্বক্ষণিক পর্যবেক্ষণের লক্ষ্যে স্ক্যাডা সিস্টেম প্রবর্তন করা হয়েছে। পাইলট ডিএমএ এলাকায় নন-রেভিনিউ ওয়াটার এর পরিমাণ ২৪% হতে হ্রাস পেয়ে প্রা ১২% এ পৌঁছেছে।




চরের হাট রিজার্ভার ও ওভারহেড ট্যাংক

বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ভিশন ২০২১ এর আওতায় ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে খুলনা ওয়াসা ইতোমধ্যেই কম্পিউটারাইজড বিলিং সফটওয়্যার চালু করেছে। যার মাধ্যমে গ্রাহকদের পানির সংযোগের ও বিলের বিস্তারিত তথ্য এবং প্রতি গ্রাহকের মাসিক বিলসহ রাজস্ব আদায় সম্পর্কে তথ্য জানা যাচ্ছে। পানির বিল যথা সময়ে পরিশোধের জন্য গ্রাহকবৃন্দের নিকট এসএমএস এর মাধ্যমে বিলের তথ্য প্রেরণ করা হচ্ছে। খুলনা ওয়াসার সকল আর্থিক লেনদেনের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়্যার চালু করা হয়েছে। খুলনা ওয়াসার সম্পদ সমূহ সুষ্ঠুভাবে সংগ্রহ,

বণ্টন ও অপচয় রোধে ইনভেনটরি সফটওয়্যার চালু করা হয়েছে। ফলে ক্রয়কৃত ও ভান্ডারে মজুদকৃত সম্পদের পরিমাণ স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকরণ ও সুষ্ঠু হিসাব সংরক্ষণ করা হচ্ছে।

খুলনা ওয়াসার ২০১৯-২০ অর্থ বছরে রাজস্ব আয়ের পরিমান ৫.৫২ কোটি টাকা। ২০২০-২১ অর্থ বছরে আয় পরিমান বৃদ্ধি পেয়ে ১০.৩২ কোটি টাকা হয় এবং ২০২১-২২ অর্থ বছরে আয় বৃদ্ধি পেয়ে ১১.৯৭ কোটি টাকা হয়।




## বিগত ৩ বছরে খুলনা ওয়াসার কার্যক্রম, সাফল্য ও অর্জন এর তুলনামূল চিত্র

| বিষয় | ২০১৯-২০ অর্থ বছরে অবস্থান | ২০২১-২০২২ অর্থ বছরে অবস্থান |
|---|---|---|
| দৈনিক পানি উৎপাদন | ৯০ এম এল ডি | ১১০এমএলডি |
| নন-রেভিনিউ ওয়াটার | ২৪% | ১৯%<br>* (১০-১২%) ডিএমএ পাইলটিং এলাকায় |
| বিলিং সিস্টেম | ম্যানুয়াল ও কম্পিউটারাইজড | কম্পিউটারাইজড (ওয়েব-বেইজড) |
| রাজস্ব আদায়ের হার | ৯৬% | ৯৭.৫০% |
| পানির সংযোগ সংখ্যা | ২০,৬৭৮টি | ৩৮,৮৩০ টি |
| মিটারযুক্ত সংযোগের হার | ৯০.০০% | ৯৯% |
| পাইপ লাইন স্থাপন | ২৯০.৫০ কি.মি | ৬৫০কিঃমিঃ |
| ভূ-উপরিস্থ পানি সরবরাহের পরিমাণ | ০% | ৬৫% |
| পানি সরবরাহের কভারেজ | ৩৭% | ৭৮% |

## গ্রাহকসেবা সম্পর্কিত খুলনা ওয়াসার গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম :

- ওয়ানস্টপ সার্ভিস সেন্টারের মাধ্যমে সম্মানিত গ্রাহকগণের সমস্যা জরুরী ভিত্তিতে প্রতিকার সেবা নিশ্চিত করা হয়েছে।
- সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়েছে এবং নাগরিক সচেতনতার জন্য বিলবোর্ডের মাধ্যমে অফিসে এবং খুলনা শহরের গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

- পানির বিল আদায়ে কম্পিউটারাইজড বিলিং সিস্টেম চালুর মাধ্যমে সময়মত বিল প্রেরণ ও স্বচ্ছ হিসাব ব্যবস্থার মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নত করা হয়েছে।
- খুলনা ওয়াসার সকল কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত কল্পে কর্মকর্তা-কর্মচারিদের মধ্যে শুদ্ধাচার কৌশল অবলম্বন করা হচ্ছে।
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় নির্ধারিত কর্মপরিকল্পনা ও সেবাসমূহ বাস্তবায়ন করা হচ্ছে।
- সকল টেন্ডার ই-জিপিতে আহবান ও মূল্যায়ন ও চুক্তি সম্পাদন।
- পানির ব্যবহার অনুযায়ী পানির বিল নির্ধারণে বর্তমান পানির পাইপের ব্যাস পদ্ধতির পরিবর্তে ফ্লো মিটার স্থাপনের মাধ্যমে পানির বিল আদায়ে মিটারিং ব্যবস্থা চালু করা হয়েছে।
- নিয়মিতভাবে কার্যকরী উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণের মাধ্যমে রাজস্ব আদায়ের হার উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পেয়েছে।
- ২০ কর্মদিবসের মধ্যে নতুন সংযোগ প্রদান।
- ২ কর্ম দিবসের মধ্যে পাইপলাইনের লিকেজ মেরামতকরণ
- খুলনা ওয়াসার সার্বক্ষণিক কল সেন্টার চালু হয়েছে। এছাড়াও গ্রাহক যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তার সেবা সংক্রান্ত সমস্যা লিপিবদ্ধ করতে পারবে এবং দাখিলকৃত অভিযোগের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে জানতে পারবেন।
- ডিজিটাল যুগের সাথে তাল মিলিয়ে অগ্রসর হতে খুলনা ওয়াসার গ্রাহকগণ যেকোনো সময় ঘরে বসেই তাদের নিজ নিজ মোবাইল ফোন থেকে জি-পে, শিওর ক্যাশ, ডিবিবিএল, নগদ ও বিকাশ অ্যাপ এর মাধ্যমে খুলনা ওয়াসার পানির বিল পরিশোধ করতে পারেন।
- পানির বিল যথা সময়ে পরিশোধের জন্য গ্রাহকবৃন্দকে এসএমএস এর মাধ্যমে জানানো হচ্ছে।
- খুলনা ওয়াসার ডায়নামিক ওয়েবসাইট চালু করা হয়েছে (http://www.kwasa.org.bd)। খুলনা ওয়াসার গ্রাহক সেবা সম্পর্কিত যাবতীয় তথ্যসহ দাপ্তরিক সাধারণ তথ্য ও যাবতীয় ফরম ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। গ্রাহকগণ যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তাদের নিজ নিজ পানির বিলের তথ্য সরাসরি দেখতে পারবেন।
- গ্রাহক সেবার মান সমুন্নত রাখতে খুলনা ওয়াসার সম্মানিত গ্রাহকবৃন্দের সঠিক মিটার রিডিং সংগ্রহপূর্বক বিল প্রস্তুত নিশ্চিত করতে খুলনা ওয়াসায় **‘স্মার্ট মিটার রিডিং’** সিস্টেম তৈরি করা হয়েছে। এ সিস্টেমে এপ্স এর মাধ্যমে গ্রাহকবৃন্দের মিটারের ছবিসহ মিটার রিডিং লিপিবদ্ধ করা হয় এবং সরাসরি মিটার রিডিং এর তথ্য খুলনা ওয়াসার সার্ভারে ইনপুট করা হয়।

## মানব সম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ) :

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ২৪/০৯/২০২১ হতে ৩০/০৯/২০২১ পর্যন্ত বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ | ১ জন | মোবাইল কোর্ট আইন-২০০৯ ও অন্যান্য মাইনর এ্যাক্টসমূহ |
| ২ | ২৬/০৯/২০২১ হতে ২৯/০৯/২০২১ পর্যন্ত সারাহ রিসোর্ট, গাজীপুর, ঢাকা | ১ জন | রেইন ওয়াটার হারভেন্টিং সিস্টেম |
| ৩ | ২১/১০/২০২১ -১দিন আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ১ জন | ওয়ার্কসপ অন সাসটেইন এ্যাবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) ওয়ার্কশপ |
| ৪ | ২২/১১/২০২১ হতে ২৩/১১/২০২১ পর্যন্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা কমিশন এর কার্যক্রম বিভাগ সম্মেলন কক্ষ | ২ জন | ADP/RADP Management System (AMS) সফটওয়্যার প্রশিক্ষণ |
| ৫ | ০১/১২/২০২১ হতে ০৪/০১/২০২২ পর্যন্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় এর মাঠ প্রশাসন | ১ জন | ২৫ তম বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্স |
| ৬ | ১৮/০১/২০২২ -১দিন স্থানীয় সরকার বিভাগের বাজেট শাখা বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ২ জন | আই বাস ++ এ বাজেট প্রনয়ন মডিউলে ডাটা এন্ট্রি |
| ৭ | ১৬/০১/২০২২ স্থানীয় সরকার বিভাগের বাজেট শাখা ইনস্টিটিউট অব পাবলিক ফাইনান্স বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা | ২ জন | ২০২২-২৩ অর্থবছরের বাজেট পরিপত্র -১ |
| ৮ | ৩০/০১/২০২২ -১দিন আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ১ জন | ওয়ার্কশপ অন ডেল্টা প্লান-২১০০ |
| ৯ | ২৭/০২/২০২২ - ১দিন প্রমোটিং এ্যাডভোকেসি এন্ড রাইটস (পার) কর্মসূচি কাউন্টারপার্ট ইন্ট্যারন্যাশনাল | ১ জন | সিটিজেন চার্টার এর সুষ্ঠু বাস্তবায়ন উদ্যোগ (পরিবেশ দুষন ও অপরিকল্পিত নগরায়ন) |
| ১০ | ০২/০৩/২০২২ - ১দিন স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ কক্ষ নং-৬০১, ভবন-৭ সচিবালয় | ১ জন | কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফ্টওয়্যার |
| ১১ | ২০/০৩/২০২২ -১দিন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়, বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ। শেরে বাংলা নগর, ঢাকা | ২ জন | ই-জিপি সিস্টেমে নিবন্ধিত ক্রয়কারী দপ্তর/সংস্থার অর্গানাইজেন এ্যাডমিন |
| ১২ | ১১/০৪/২০২২ - ১দিন আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ১ জন | ওয়ার্কশপ অন ল্যান্ড মেনেজমেন্ট |
| ১৩ | ১২/০৫/২০২২ - ১দিন আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ১ জন | ওয়ার্কশপ অন আমার গ্রাম আমার শহর |
| ১৪ | ০৮/০৬/২০২২ হতে ০৯/০৬/২০২২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা কমিশন, সাধারণ অর্থনীতি বিভাগ শেরে বাংলা নগর, ঢাকা | ১ জন | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি বাস্তবায়ন |
| ১৫ | ১২/১১/২০২২ হতে ১৪/১১/২০২২ পর্যন্ত খুলনা ওয়াসা, খুলনা | ২৪ জন | ই-জিপি এর প্রশিক্ষণ |

## অডিট সংক্রান্ত তথ্য:

পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক খুলনা ওয়াসার সৃষ্টিকাল হতে ২০০৮-১০, ২০১০-১২, ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৭-১৮ অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। অডিট আপত্তিতে সর্বমোট ৩৮টি আপত্তি উত্থাপন করা হয়। যার মধ্যে ২৯টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৯টি সাধারণ অনুচ্ছেদ রয়েছে। উক্ত ৩৮ টি আপত্তি হতে জুন ২০২২ পর্যন্ত ২২টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৯টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ৩১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ০৭টি অগ্রিম অনুচ্ছেদের নিষ্পত্তি মূলক জবাব প্রেরণ করা হয়েছে (যার মধ্যে ০৭টি অগ্রিম অনুচ্ছেদ স্থানীয় সরকার বিভাগ থেকে সুপারিশ করে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

## পানির মান পরীক্ষা:

এই প্রকল্পের আওতায় একটি আধুনিক ওয়াটার কোয়ালিটি টেস্টিং ল্যাবরেটরী স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে নিয়মিত পানির গুণাগুণ পরীক্ষা ও নিয়ন্ত্রণ করা হচ্ছে। ইতিপূর্বে খুলনা ওয়াসায় পানির গুণাগুণ পরীক্ষার জন্য নিজস্ব কোন ল্যাবরেটরি ছিল না। বিভিন্ন সময়ে সরবরাহকৃত পানির উৎস হতে নমুনা পরীক্ষণের নিমিত্ত জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুয়েটসহ বিভিন্ন প্রতিষ্ঠানে পানির গুণাগুণ পরীক্ষা করানো হত। বর্তমানে রিজার্ভার, পাইপ লাইন ও গ্রাহক পর্যায়ের পানির ট্যাপ ইত্যাদি হতে পানির নমুনা সংগ্রহ করে নিজস্ব ল্যাবে নিয়মিত পানির গুণাগুণ পরীক্ষা করার মাধ্যমে খুলনা নগরবাসীর জন্য নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা হচ্ছে।



খুলনা ওয়াসার পানির গুণাগুণ পরীক্ষার ল্যাবরেটরি

## সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন (সিটিজেন চার্টার):

খুলনা ওয়াসার নিয়মিত হালনাগাদকৃত সিটিজেন চার্টার মহানগরীর বিভিন্ন ওয়ার্ড অফিস কার্যালয় ও গুরুত্বপূর্ণ স্থানে এবং খুলনা ওয়াসার ওয়েবসাইটে (www.kwasa.portal.gov.bd) দৃশ্যমান আছে। সিটিজেন চার্টারে উল্লেখিত নাগরিক সেবাসমূহ যথাঃ আবাসিক, দাপ্তরিক, শিল্প কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে পানির সংযোগ প্রদান; বস্তি এলাকায় একটি মিটারের মাধ্যমে কয়েকটি পরিবারকে পানি সরবরাহ ব্যবস্থা; পানির গাড়ীর মাধ্যমে জরুরী পানি সরবরাহ; পানির অভিকর / বিল জারী ও রাজস্ব আদায়; সংযোগের মালিকানা পরিবর্তন ও ব্যাস পরিবর্তন; মিটার সংক্রান্ত সেবা প্রদান; গ্রাহকের চাহিদার প্রেক্ষিতে ডুপ্লিকেট বিল প্রদান; বহুতল ভবন সংক্রান্ত ছাড়পত্র প্রদান প্রভৃতি সিটিজেন চার্টারে উল্লেখিত নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে। গ্রাহকবৃন্দের প্রয়োজনীয় সেবা প্রাপ্তির ক্ষেত্রে সেবা প্রদান পদ্ধতি; প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান; সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি; সেবা প্রদানের সময়সীমা ও সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ফোন ও ই-মেইল সিটিজেন চার্টারে উল্লেখ করা হয়েছে।

## শুদ্ধাচার কৌশাল বাস্তবায়নে গনশুনানী ও অংশীজনের সভা আয়োজন:

খুলনা ওয়াসায় শুদ্ধাচার চর্চার মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়নে নিয়মিতভাবে গণশুনানী আয়োজন করা হয়। প্রতি মাসে আয়োজিত গণশুনানীতে খুলনা ওয়াসার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ সেবা সংশ্লিষ্ট অংশীজন তথা মিটার রিডিং গ্রহণ ও বিল বিতরণ কাজে নিয়োজিত ঠিকাদারি প্রতিষ্ঠান, সংশ্লিষ্ট ব্যাংকসমূহের প্রতিনিধিবৃন্দ এবং সম্মানীত গ্রাহকবৃন্দ উপস্থিত থেকে পানি সরবরাহ সংক্রান্ত সেবা এবং পানির বিল সংক্রান্ত বিভিন্ন সমস্যার বিষয়ে মতামত প্রদান করেন। একইসাথে উদ্ভুত সমস্যাসমূহ সমাধানে উক্ত গণশুনানীতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয় এবং সমস্যা সমাধানপূর্বক অভিযোগকারী সম্মানীত গ্রাহককে অবহিত করা হয়।




খুলনা ওয়াসা ভবনে সম্মানীত গ্রাহক ও সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহনে অনুষ্ঠিত গণশুনানী

## খুলনা ওয়সার উদ্ভাবন কার্যক্রম:

খুলনা ওয়াসার ২০২১-২২ অর্থ-বছরের উদ্ভাবনী ধারণাঃ সৌর শক্তি ব্যবহারের মাধ্যমে খুলনা ওয়াসার একটি উৎপাদক নলকূপ পরিচালনা- খুলনা ওয়াসার পরিচালন ব্যয় সাশ্রয়ে জাতীয় গ্রিডের বিদ্যুৎ ব্যবহার কমিয়ে সৌর শক্তির উপর নির্ভরশীলতা বাড়ানোর লক্ষ্যে খুলনা ওয়াসা ভবনে স্থাপিত সোলার প্যানেলের মাধ্যমে খুলনা ওয়াসা ভবনের পাম্প মটর পরিচালনা করা হচ্ছে। সোলার প্যানেলের মাধ্যমে সৌরশক্তি ব্যবহার করে দৈনিক ৪ কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে। সোলার প্যানেলের মাধ্যমে সৌরশক্তি ব্যবহার করে খুলনা ওয়াসা ভবনে ৩ (তিন) কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন একটি পাম্প মটর নিয়মিতভাবে পরিচালনা করা হচ্ছে। মাসিক ভিত্তিতে গড়ে ২০ (বিশ) কিলোওয়াট বিদ্যুৎ জাতীয় পাওয়ার গ্রীডে যোগ হচ্ছে।



সোলার প্যানেলের মাধ্যমে সৌরশক্তি ব্যবহার

সেবা সহজীকরণঃ বর্তমানে প্রধান কার্যালয়ের পরিবর্তে স্ব স্ব আঞ্চলিক কার্যালয় হতে গ্রাহকবৃন্দের বিল প্রস্তুত, বিল বিতরণসহ যাবতীয় সেবা প্রদান- এই কার্যক্রমের আওতায় খুলনা ওয়াসার বিল সংক্রান্ত গ্রাহক সেবাসমূহ সহজে গ্রাহকবৃন্দের নিকট পৌছে দিতে বর্তমানে খুলনা ওয়াসা ভবন ছাড়াও আঞ্চলিক অফিসের মাধ্যমে বিল প্রস্তুত, বিল বিতরণসহ যাবতীয় বিল সংক্রান্ত সেবা প্রদান করা হচ্ছে।; সেবা ডিজিটাইজেশনঃ ব্যাংকে জমাকৃত খুলনা ওয়াসার গ্রাহকবৃন্দের বিলসমূহ অনলাইনে পোস্টিং প্রদানের মাধ্যমে খুলনা ওয়াসা সার্ভারে প্রেরণ- এই কার্যক্রমের আওতায় খুলনা মহানগরীর বিভিন্ন ব্যাংকে জমাকৃত পানির বিলসমূহ সরাসরি খুলনা ওয়াসার সার্ভারে অনলাইনে নিজস্ব এপিআই এর মাধ্যমে পোস্টিং প্রদান করা হচ্ছে। ব্যাংকের প্রতিনিধিগণ নিয়মিতভাবে বিভিন্ন শাখায় গ্রহণকৃত পানির বিলসমূহ অনলাইনে পোস্টিং প্রদান করছে যা তৎক্ষণাৎ খুলনা ওয়াসা সার্ভারে হালনাগাদ হচ্ছে এবং গ্রাহকবৃন্দের বিল পরিশোধের তথ্য পাওয়া যাচ্ছে।

## বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ন এবং বাস্তবায়ন:

| Package No | Description of Procurement Package | Procurement Method & Type | Contract Approving Authority | Source of Fund | Estd. Cost (In Lac Tk.) |
|---|---|---|---|---|---|
| **1** | 2 | 3 | 4 | 5 | 6 |
| **G-01** | Supply of Stationery Materials to Khulna WASA Store for Financial year 2021-2022 | OTM/RFQ | Managing Director, KWASA | GoB (NCT) | 3.00 |
| **G-02** | Supply of Liquid Poly Aluminum Chloride PAC & Liquid Chlorine Gas for Bangabandhu Water Treatment Plant (Package-01) | OTM | Managing Director, KWASA | GoB (NCT) | 51.72 |
| **G-03** | Supply of Liquid Poly Aluminum Chloride PAC & Liquid Chlorine Gas for Bangabandhu Water Treatment Plant (Package-02) | OTM | Managing Director, KWASA | GoB (NCT) | 87.00 |
| **G-04** | Supply of HDPE House Connection & Main Pipeline Repair Pipe-fittings to Khulna WASA Store for Financial year 2021-2022 | OTM | Managing Director, KWASA | GoB (NCT) | 23.65 |
| **G-05** | Supply of uPVC Pipeline & Production Tubewell Repair Pipe-fittings & Flow Meter to Khulna WASA Store for Financial year 2021-2022 (uPVC Pipeline from Jahanabad Cantonment to Notun Rasta) | OTM | Managing Director, KWASA | GoB (NCT) | 8.70 |
| **G-06** | Supply of 15 HP Submersible Pump Motor Set | OTM | Managing Director, KWASA | GoB (NCT) | 16.30 |
| **G-07** | Supply of 6 No. Hand Pump Complete Set & its Parts | OTM/RFQ | Managing Director, KWASA | GoB (NCT) | 2.75 |
| | **Total value of Procurement =** | | | | **193.12** |

## ২০২০-২১ অর্থবছরে খুলনা ওয়াসায় চলমান উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

**খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প:**

বর্তমানে খুলনা শহরে পয়:নিষ্কাশন ব্যবস্থা চালু নাই। খুলনা মহানগরীতে জনস্বাস্থ্য সুরক্ষা এবং নির্মল পরিবেশ তৈরীর জন্য কেন্দ্রীয় আধুনিক, টেকসই ও পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মানে গত ২৮/০৭/২০২০ তারিখ ২৩৩৪১৩.৮৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি-৯২৯৪২.০৪ ও এডিবি-১৪০৪৭১.৮১) জুলাই, ২০২০ হতে ডিসেম্বর ২০২৫ মেয়াদে “খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প” একনেক সভায় অনুমোদিত হয়।

**প্রকল্পের উদ্দেশ্য:**

প্রকল্পটিতে খুলনা সিটি কর্পোরেশন এলাকাকে ১০ টি স্যুয়ারেজ জোনে বিভক্ত করা হয়েছে যা sewerage Districts (SD) হিসাবে বিবেচনা করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য কেন্দ্রীয় স্যুয়ারেজ ব্যবস্থাপনা সিস্টেম পরিচালনার মাধ্যমে পরিকল্পিত এবং সংগঠিত করা।

- খুলনা মহানগরীতে জনস্বাস্থ্য সুরক্ষা এবং নির্মল পরিবেশ তৈরীর জন্য কেন্দ্রীয় আধুনিক, টেকসই ও পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থা (Centralized Sewerage System) করা।
- পয়:নিস্কাশন পাইপ লাইন ও পাম্পিং স্টেশনের মাধ্যমে পয়:বর্জ্য ও ময়লা পানি সংগ্রহ/অপসারণ করে পয়:শোধনাগারে পরিশোধন করা।

এ প্রকল্পটি ১ম পর্যায়ে ২০২৫ সালের মধ্যে বাস্তবায়ন করে খুলনা মহানগরীর ৬৫% অধিবাসীকে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা সুবিধার আওতায় আনা হবে।

**প্রকল্পের মূল কার্যক্রম:**

- স্যুয়ারেজ নেটওয়ার্ক পাইপ লাইন নির্মাণ ২৬৯ কি:মি: এবং সার্ভিস লাইন নির্মাণ ৭৭ কি:মি:।
- Sewarage পাম্পিং স্টেশন নির্মাণ ৮ টি।
- Sewarage ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ ২ টি (৬০ MLD & ৩০ MLD)।
- গৃহসংযোগ নির্মাণ ৩০,০০০টি।
- খুলনা ওয়াসার টেকসই স্যুয়ারেজ সিস্টেম এবং সাংগঠনিক ব্যবস্থাপনার উন্নয়ন।

**২০২১-২২ অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি:**

২০২১-২২ অর্থ বছরে প্রকল্পের মূল কার্যক্রম ২টি স্যুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট, ৮টি স্যুয়েজ পাম্পিং স্টেশন, ২৬৯ কি.মি. স্যুয়ার নেটওয়ার্ক এবং ৭৭ কি.মি. সার্ভিস লাইন নির্মাণের লক্ষ্যে -



স্যুয়ার নেটওয়ার্ক পাইপ লাইন ও সার্ভিস কানেকশন পাইপ লাইনের আমদানিকৃত মালামাল




খুলনা মহানগরীর বিভিন্ন ওয়ার্ড এলাকায় স্যুয়ার নেটওয়ার্ক পাইপ লাইন স্থাপন কার্যক্রম

- দরপত্র আহবান ও মূল্যায়ন করে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক অনুমোদিত হয়ে স্যুয়ার নেটওয়ার্ক, স্যুয়েজ পাম্পিং স্টেশন এবং সার্ভিস কানেকশন (প্যাকেজ-১) ও (প্যাকেজ-২) নির্মাণের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং বিদেশ থেকে স্যুয়ার নেটওয়ার্ক পাইপলাইন মালামাল আমদানী করে মাঠ পর্যায়ে কাজ শুরু করা হয়েছে।
- সুপারভিশন পরামর্শক সেবা নিয়োগের লক্ষ্যে চুক্তি সম্পাদনপূর্বক তদারকির কাজে নিয়োজিত করা হয়েছে।
- ২টি স্যুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বানপূর্বক সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রীপরিষদ কমিটির অনুমোদনক্রমে ২৭/০৬/২০২২ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং মাঠ পর্যায়ে জরীপসহ প্রাথমিক কার্যক্রম শুরু করা হয়েছে।

## খুলনা ওয়াসার বর্তমান চ্যালেঞ্জসমূহ:

- জলবায়ু পরিবর্তন একটি প্রাকৃতিক ঘটনা; জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীর তাপমাত্রা বাড়ছে, যা বৈশ্বিক উষ্ণায়ন নামে অভিহিত। জলবায়ু পরিবর্তন পৃথিবীর সব জায়গায় ভৌত, প্রাকৃতিক, সামাজিক ও অর্থনৈতিকসহ জনগোষ্ঠীর জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলছে। এর ফলে প্রাকৃতিক দুর্যোগ যেমন, অনাবৃষ্টি/খরা অতিবৃষ্টি, বন্যা, ঘূর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছ্বাস ইত্যাদি ঘটার সম্ভাবনা ও ক্ষতির পরিমাণ বেড়ে যাচ্ছে। সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি ও নদ-নদী, খালগুলির তলদেশ পলি পড়ে গভীরতা হ্রাসে উজানে পানি প্রবাহ না থাকায় উপকূলীয় অঞ্চলে লবণাক্ততার মাত্রা বৃদ্ধি পাচ্ছে । জলবায়ু পরিবর্তনজনিত কারণে খুলনা অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানিতে লবণাক্ততা দিন দিন বৃদ্ধি হওয়ায় ও পানির স্তর নিচে নেমে যাওয়ার পরিপ্রেক্ষিতে সুপেয় নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা অন্যতম চ্যালেঞ্জ। খুলনা ওয়াসায় বিদ্যমান Surface water Treatment Plant এর উৎপাদিত পানি ও উৎপাদক নলকূপ থেকে (ভূগর্ভস্থ) উৎপাদিত পানি দিয়ে গ্রাহকদের ১০০% চাহিদা পূরণ করা হচ্ছে। উল্লেখ্য বছরে ১২ (বার) মাসের মধ্যে ১০

(দশ) মাস অর্থ্যাৎ জুন থেকে মার্চ পর্যন্ত ভূউপরিস্থ পানির উৎস মধুমতি নদীর পানিতে লবনাক্ততা স্বাভাবিক মাত্রায় (সর্বোচ্চ ৬০০ mg/l) থাকে বিধায় খুলনা মহানগরীর সকল গ্রাহক এর জন্য নিরাপদ পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে। কিন্তু খুলনা অঞ্চলে শুষ্ক মৌসুমে (এপ্রিল ও মে মাস) জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাবের কারনে এপ্রিল মাসের শুরু থেকে মধুমতি নদীর পানি  লবনাক্ততা ক্রমান্বয়ে বৃদ্ধি হতে থাকে, যা স্বাভাবিক ব্যবহার ও গ্রহণযোগ্য লবনাক্ততা সীমা (২০০ mg/l) হতে অনেক বৃদ্ধি পাওয়ায় (প্রায় ২০০০ mg/l) ঐ সময়ের জন্য কাঙ্খিত গুনাগুন সম্বলিত পর্যাপ্ত পানি খুলনাবাসীদের সরবরাহ করা সম্ভব হয় না।


- খুলনা ওয়াসা নতুন প্রতিষ্ঠান হিসেবে অভিজ্ঞতা সম্পন্ন দক্ষ কারিগরী জনবলের থাকায় খুলনা ওয়াসার দৈনন্দিন কারিগরি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত নানাবিধ সমস্যা ও চ্যালেঞ্জ এর মুখোমুখি হতে হয়।
- খুলনা ওয়াসার পাইপ লাইনের মাধ্যমে সরবরাহকৃত পানির উৎপাদন ও পরিচালন ব্যয় অপেক্ষা পানি অভিকর যথেষ্ট কম। যার ফলে পানি অভিকর হতে সংগৃহিত রাজস্ব আয় থেকে সরবরাহকৃত পানির উৎপাদন ও পরিচালন ব্যয় মিটানো সম্ভব হয় না বিধায় সরকার প্রতি বছর এ খাতে ভর্তুকি প্রদান করে থাকে। সরকারি ভর্তুকি কমিয়ে নিজস্ব আয়ের মাধ্যমে উৎপাদন ও পরিচালন ব্যয় নির্বাহের জন্য ক্রমগতভাবে নির্দেশনা প্রদান করা হচ্ছে যার ফলে পানির অভিকর বৃদ্ধি করে নগরবাসীর নিকট হতে রাজস্ব আদায়পূর্বক সম্পূর্ণ পরিচালন ব্যয় নির্বাহ করা খুলনা ওয়াসার জন্য অন্যতম চ্যালেঞ্জ।

## ভবিষ্যৎ পরিকল্পনা :

- খুলনা সিটি কর্পোরেশন ৪৫.৬৫ বর্গ কিলো মিটার এলাকা জুড়ে অবস্থিত। খুলনা সিটি কর্পোরেশন এলাকার সাথে আরও ৩টি নতুন থানা লবনচরা, হরিনটানা ও আড়ংঘাটা যুক্ত হওয়ায় খুলনা মহানগরীর আয়তন বৃদ্ধি পেয়েছে। বর্ধিত সিটি  কর্পোরেশন এলাকায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরাবরাহর আওতায় আনয়ন এবং বর্তমান পানি সরবরাহকৃত এলাকায় ১০০% পানি সরবরাহের জন্য “খুলনা পানি সরবরাহ প্রকল্প ২য় পর্যায়” কার্যক্রম ২০২৩ সাল থেকে গ্রহণের পরিকল্পনার কার্যক্রম পরিচালিত হচ্ছে। তাছাড়া “খুলনা পানি সরবরাহ প্রকল্প ২য় পর্যায়” প্রকল্প বাস্তবায়ন করে সারফেস ওয়াটার সরবরাহের লক্ষ্যে পানির অনুপাত উন্নীত করা হবে। এ প্রকল্প বাস্তবায়নের জন্য এডিবি থেকে আর্থিক সহায়তা পাওয়া যাবে বলে আশা করা যায়। যা এসডিজি লক্ষ্যমাত্রা গোল-৬.১ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে সকলের জন্য নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত অর্জন হবে। বর্তমানে পারিচালিত “খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন পকল্প” এর বাস্তবায়নের মাধ্যমে ২০২৫ সালের মধ্যে খুলনা শহরের প্রায় ৬৫% (১০ লক্ষ) জনসংখ্যা অধুনিক স্যুয়ারেজ ব্যবস্থার সুবিধার মধ্যে আনা যাবে। অবশিষ্ট নগরবাসীকে সম্পূর্ণ সুবিধা প্রদানের জন্য ‘‘খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন ফেজ-২’’ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। ২০৩০ এর মধ্যে দ্বিতীয় পর্যায়ে Sewerage System স্থাপনের কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে এসডিজি লক্ষ্যমাত্রা গোল-৬.২ অর্জন করা সম্ভব হবে।

# খুলনা ওয়াসা কর্তৃক উদযাপিত জাতীয় দিবসসমূহ:





করোনাকালীন সময়ে ১৫ই আগষ্ট ২০২১ জাতীয় শোক দিবসে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ও ভার্চুয়াল জুম প্ল্যাটফর্মে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে শোক সভা অনুষ্ঠিত হয়।




শেখ রাসেল দিবস ১৮ই অক্টোবর, ২০২১ উপলক্ষ্যে পুষ্পস্তবক অর্পণ




মহান বিজয় দিবস ১৬ই ডিসেম্বর, ২০২১ খুলনা গল্লামারী বধ্যভূমিতে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন এবং করোনাকালীন সময়ে ও ভার্চুয়াল জুম প্ল্যাটফর্মে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়।



২১ শে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে খুলনা শহীদ হাদিস পার্কের অবস্থিত শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন




ঐতিহাসিক ৭ মার্চ জাতীয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষে বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন




জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ১৭ মার্চ, ২০২১ উপলক্ষে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ১৭ মার্চ, ২০২১ উপলক্ষে খুলনা ওয়সার কর্মকর্তা-কর্মচারীদের শিশু সন্তানদের নিয়ে আয়োজিত আলোচনা সভা,চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান ।



মহান স্বাধীনতা দিবস ২০২২ খুলনা গল্লামারী বধ্যভূমিতে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন




মহান স্বাধীনতা দিবস ২০২২ উপলক্ষে খুলনা ওয়সার বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও আলোচনা সভা আয়োজন